

যে তরুণীখানি ভাসালে দুজনে আজি, হে নবীন সংসারী,
 কাণ্ডারী কোরো তাঁহারে তাহার যিনি এ ভবের কাণ্ডারী ॥
 কালপারাবার যিনি চিরদিন করিছেন পার বিরামবিহীন
 শুভযাত্রায় আজি তিনি দিন প্রসাদপবন সঞ্চারি ॥
 নিয়ো নিয়ো চিরজীবনপাথেয়, ভরি নিয়ো তরী কল্যাণে ।
 সুখে দুখে শোকে আঁধারে আলোকে যেয়ো অমৃতের সন্ধানে ।
 বাঁধা নাহি থেকো আলসে আবেশে, ঝড়ে ঝঞ্ঝায় চলে যেয়ো হেসে,
 তোমাদের প্রেম দিয়ো দেশে দেশে বিশ্বের মাঝে বিস্তারি ॥

Parjaay: Anushthanik, Taal: Ektaal, Raag: Behag
 Visit www.geetabitan.com for notation and other detail